নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪১৪ ১৯ জানুয়ারি ২০২৬

<u>সংবাদ বিজ্ঞপ্তি</u>

# নোবিপ্রবির সঙ্গে তুরস্ক ও থাইল্যান্ডের বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের হিতিত এবং ইস্কেন্দেরুন টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ের ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় আন্তঃপ্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়। এছাড়াও থাইল্যান্ডের কাসেতসার্ত বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (১৯ জানুয়ারি ২০২৬) উপাচার্য দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এ চুক্তিসমূহ স্বাক্ষরিত হয়। নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিস অনুষ্ঠানের আয়োজন করে।

নোবিপ্রবির পক্ষে এতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে তুরস্কের হিতিত বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানের ভাইস রেক্টর প্রফেসর ড. ইসরেফ সাভাস। ইস্কেন্দেরুন টেকনিক্যাল বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর প্রফেসর ড. মেহমেদ দুরুয়েল। থাইল্যান্ডের কাসেতসার্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস প্রেসিডেন্ট ফর রিসার্চ এন্ড ইন্টারন্যাশনালাইজেশন প্রফেসর ড. ডোকরাক মারোদ।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, প্রতিষ্ঠান প্রধান হিসেবে আমি তুরস্ক এবং থাইল্যান্ডের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। যারা নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একটি অংশীদার বিশ্ববিদ্যালয় হিসেবে বেছে নিয়েছেন। পারস্পরিক অংশীদারিত্বের ভিত্তিতে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে নোবিপ্রবির সঙ্গে এই বিশ্ববিদ্যালয়সমূহ যদি একসঙ্গে কাজ করে, তাহলে এই সহযোগিতামূলক প্রচেষ্টা থেকে সবাই উপকৃত হবে। আমি আশা করি এই একাডেমিক অংশীদারিত্ব নোবিপ্রবির বিজ্ঞানী ও গবেষকদের জন্য প্রতিটি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করার এবং পারস্পরিক যৌথ-সহযোগিতামূলক গবেষণা কার্যক্রম পরিচালনার দ্বার উন্মুক্ত করবে।

অনুষ্ঠানে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসের অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জিয়াউল হক, প্রক্টর এ এফ এম আরিফুর রহমান, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ।

প্রসঙ্গত, উচ্চশিক্ষা অর্জনের জন্য শিক্ষার্থী ও স্টাফ বিনিময় এবং সমন্বিত গবেষণা প্রতিষ্ঠাসহ বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে উক্ত চুক্তিসমূহ স্বাক্ষরিত হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪